

রাবি শিবিরের সেক্রেটারিসহ ৮ নেতাকর্মী গ্রেফতার

■ রাজশাহী ব্যুরো
রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ছাত্রশিবিরের সেক্রেটারি সাইফুল ইসলাম ইয়াহিয়াসহ সংগঠনটির আট নেতাকর্মীকে আটক করেছে প্লাব। বৃহস্পতিবার ভোরে নগরীর একটি কোচিং সেন্টার থেকে তাদের আটক করা হয়। এর প্রতিবাদে দুপুরে মিছিল বের করে ভাংচুর ও ককটেল বিস্ফোরণ ঘটালে পুলিশের সঙ্গে শিবিরকর্মীদের সংঘর্ষ হয়। আজ শুক্রবার রাজশাহীতে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে সংগঠনটি।

গতকাল ভোরে নগরীর মালাপাড়া এলাকায় শিবির পরিচালিত কনটেইন কোচিং সেন্টারে অভিযান চালায় তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে ১৩টি ককটেল ও আট রাউন্ড গুলিভর্তি একটি পিস্তল, দুটি ধারাদো হাঁসুয়া, ক্যামেরা ও মোটরসাইকেল উদ্ধার করা হয়।

ইয়াহিয়া ছাড়াও আটক শিবিরকর্মীরা হলো- আরিফুল ইসলাম, আবদুল কাদের বাব্বী, মিনহাজুল ইসলাম, আবু ছায়েদ, কবির হোসেন সুমন, আরিফুর রহমান ও মতিউর রহমান। তারা সবাই এই কোচিং সেন্টারের শিক্ষক ও কর্মচারী। রাবি জানিয়েছে, ইয়াহিয়ার বিরুদ্ধে নগরীর

বিভিন্ন থানায় ৪২টি মামলা রয়েছে। রাবি-৫-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আনোয়ার লতিফ খান জানান, গত বছরের ৫ নভেম্বর থেকে এ বছরের ৩০ এপ্রিল পর্যন্ত পুলিশের ওপর অন্তত চারটি হামলার ঘটনায় আটক ব্যক্তির জড়িত ছিল। ইয়াহিয়া এসব হামলার পরিকল্পনায় জড়িত ছিল।

বিশ্ববিদ্যালয়সংলগ্ন কাজলা গেট এলাকায় দুপুরে তটিকা মিছিল বের করে ককটেল বিস্ফোরণ ও ভাংচুর করে শিবিরকর্মীরা। বাধা দিতে গেলে এ সময় পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ হয়। পরে পুলিশ কাঁদানে গ্যাস নিক্ষেপ করলে তারা ছত্রভঙ্গ হয়ে যায়।

এদিকে, নেতাকর্মীকে গ্রেফতারের প্রতিবাদে আজ শুক্রবার রাজশাহীতে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে সংগঠনটি। একই সঙ্গে আগামীকাল শনিবারের মধ্যে গ্রেফতারকৃতদের মুক্তি না দিলে রাজশাহী, নাটোর, পাবনা ও ঠাশাইনবাবগঞ্জে সকাল-সন্ধ্যা হরতালের হুমকি দিয়েছে ছাত্রশিবির। সংগঠনটির রাবি শাখার প্রচার সম্পাদক মহসিন আদম গতকাল বিকেলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির কথা জানান।